



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

Mail: pr@nu.edu.bd

২৯ ডিসেম্বর, ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

২০২০ সালের ডিগ্রি ১ম বর্ষের পরীক্ষা আগামীকাল থেকে শুরু

২০২০ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা এবং ২০১৮ সালের ডিগ্রি পাশ ও সার্টিফিকেট কোর্স পুরাতন সিলেবাস (বিশেষ) এর পরীক্ষা সারাদেশে একযোগে আগামীকাল বৃহস্পতিবার ৩০/১২/২০২১ তারিখ থেকে শুরু হবে। সাপ্তাহিক ও সরকারি ছুটি ব্যতিরেকে প্রতিদিন বেলা ১টা ৩০ মিনিট থেকে এ পরীক্ষা শুরু হবে। ২০২০ সালের ডিগ্রি ১ম বর্ষের পরীক্ষা ২৯/০১/২০২২ তারিখ শেষ হবে। আর ২০১৮ সালের ডিগ্রি পাশ ও সার্টিফিকেট কোর্স পুরাতন সিলেবাস (বিশেষ) পরীক্ষা ঢাকা মহানগরের হাবিবুল্লাহ বাহার কলেজ, শান্তিনগর, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। সকাল ৯টায় এই পরীক্ষা শুরু হবে। এ পরীক্ষা শেষ হবে ৭/০২/২০২২ তারিখ।

পরীক্ষার যাবতীয় প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কন্ট্রোল রুম খোলা হয়েছে। জরুরি প্রয়োজনে ০২-৯২৯১০১৭/০২-৯২৯১০৩৮ নম্বরে যোগাযোগের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছে। পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য ও নির্দেশনা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd এবং www.nu.ac.bd/degree -এ পাওয়া যাবে।

বার্তা প্রেরক

(মো. আতাউর রহমান)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়

টেলিফোন নম্বর:-৯২৯১০৩৬